

অনিয়ম ও দুর্নীতি নিয়ে গণমাধ্যমে কথা বলায় মারধরের শিকার হয়েছেন ইডেন মহিলা কলেজ ছাত্রলীগ সহসভাপতি জান্মাতুল ফেরদৌসী। এ ঘটনায় গতকাল শনিবার রাতেই জনরোধের মুখে হল ছেড়ে পালিয়ে গেছেন কলেজ ছাত্রলীগ সভাপতি তামান্না জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানা।

এর আগে রাতে জান্মাতুলকে তার হলকক্ষ থেকে টেনেইচড়ে বের করে আনা হয় এবং আপত্তিকর অবস্থার ছবি তোলা হয়। পরে সভাপতি ও সাধারণ সম্পাদকের আদেশে তাদের সামনেই নির্যাতন করে কলেজ ছাত্রলীগের বেশ কয়েকজন নেতাকর্মী। এ ঘটনা জানাজানি হওয়ায় সাধারণ শিক্ষার্থীদের মাঝে ক্ষেত্রের সৃষ্টি হয়। এ সময় তারা ক্যাম্পাসে মিছিল বের করেন। এ ঘটনায় রাতেই হল ছেড়ে পালিয়ে যান সভাপতি তামান্না জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানা।

advertisement 3

জানা গেছে, ইডেন ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদকের সিটিবাণিজ্যসহ নানান বিষয়ে গণমাধ্যমে কথা বলেন ছাত্রলীগ নেতৃত্বে জান্মাতুল ফেরদৌসী। এরপরই তার ওপর নেমে আসে এই নির্যাতন।

advertisement 4

ঘটনার সত্যতা জানতে সভাপতি তামান্না জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানার সঙ্গে যোগাযোগের চেষ্টা করে বারবার ফোন করা হলেও তাদের ফোন বন্ধ পাওয়া যায়।

এ বিষয়ে বঙ্গমাতা হোস্টেলের তত্ত্বাবধায়ক নাজমুন নাহার বলেন, ‘মূল ঘটনা এখনো জানি না। শুনেছি, এটা ছাত্রলীগের ইন্টারনাল বিষয়। দুই পক্ষই ছাত্রলীগের। এ বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।’

হামলার ঘটনায় রাত ঢটার দিকে ক্যাম্পাসে আসেন ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্য। এ ঘটনায় রাতেই অধ্যক্ষের কাছে লিখিত অভিযোগ জমা দিয়েছেন ছাত্রলীগের একাংশসহ সাধারণ শিক্ষার্থীরা।

এ বিষয়ে কেন্দ্রীয় ছাত্রলীগ সভাপতি আল নাহিয়ান খান জয়ের সঙ্গে যোগাযোগের চেষ্টা করে বারবার ফোন করা হলেও তিনি কল ধরেননি। পরে তাকে এসএমএস করা হলে তিনি কোনো উত্তরও দেননি।

উল্লেখ্য, সম্মেলনের প্রায় তিনি বছর পর গত ১৩ মে ইডেন মহিলা কলেজ ছাত্রলীগের কমিটি ঘোষণা করা হয়। তামান্না জেসমিন রিভাকে সভাপতি করে কমিটি ঘোষণা করে কেন্দ্রীয় ছাত্রলীগ। বিতর্কিত নেতৃত্বে রিভাকে সভাপতি করায় ওইদিন রাত ৯টা থেকে রাত ২টা পর্যন্ত চলে পদবংশিতদের বিক্ষোভ। এরপরও বহাল তবিয়তে রিভা।

জানা যায়, পদ লাভের কয়েক মাস পার না হতেই অপকর্মে জড়িয়ে পড়েন রিভা। সাধারণ শিক্ষার্থীদের রূমে গিয়ে বেপরোয়া ক্ষমতা দেখানো, রূম দখলে নিয়ে ছাত্রীদের টেনে ছিঁড়ে বের করে দেওয়া, গলায় পা দিয়ে চেপে ধরাসহ নানা ভূমকির অডিও ফাঁস হয় সামাজিক যোগাযোগমাধ্যমে। অডিওতে কলেজ অধ্যক্ষের চেয়েও নিজেকে ক্ষমতাধর বলে দাবি করেন রিভা।

তবে অডিও ভাইরালের পর দোষ স্বীকার করে ক্ষমা চেয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে স্ট্যাটাস দেন তিনি। কিন্তু ক্ষমা চাওয়ার পরেও শোধরাননি তিনি। অডিও ফাঁসের সঙ্গে জড়িত থাকার স্বীকারেও আদায় করতে দুই ছাত্রীকে ৬ ঘণ্টা আটকে রেখে নির্যাতন করেন। এ সময় তাদের বিবস্তা ভিডিও করে তা ভাইরাল করে দেওয়ারও ভূমকি দেন এই ছাত্রলীগ নেতৃত্বে।

212
Shares